




প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয় ও বিডিরেন এর মধ্যে চুক্তি স্বাক্ষর

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৮ মে ২০২৩খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয় ও বিডিরেন এর মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ১৮ মে ২০২৩ তারিখ সকাল ১১ টায় উপাচার্য মহোদয়ের কক্ষে এ চুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আওতাধীন বিডিরেনের মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস নেটওয়ার্কে স্থাপিত বা চলমান বিভিন্ন নেটওয়ার্কিং যন্ত্রাংশ সমূহের ধারাবাহিক রক্ষণাবেক্ষণ পরিসেবা সহায়তা ও প্রয়োজন অনুসারে প্রতিস্থাপনের জন্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে এ চুক্তি স্বাক্ষরিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের উপস্থিতিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া এবং বিডিরেন এর পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বিডিরেনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ তৌরিত। এসময় অন্যান্যদের উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) সুপ্রভাত হালদার, শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিসের পরিচালক রাহাত হোসাইন ফয়সাল, অর্থ ও হিসাব শাখার উপ-পরিচালক সুব্রত কুমার বাহাদুর, বিডিরেনের প্রধান প্রশাসনিক ও অর্থ কর্মকর্তা ড. মোহাম্মদ ফারুক আলি তরফদার, নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার মাহমুদুল হাসান হিমুসহ বিশ্ববিদ্যালয়ের নেটওয়ার্কিং এন্ড আইটি অফিসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস